



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
খুলনা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট  
খালিশপুর, খুলনা-৯০০০।  
Web: www.kmpt.gov.bd; E-mail: kmpt.edu@gmail.com



## বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র ইনস্টিটিউট কেন্দ্রে আগামী ২২/০২/২০২১ তারিখ হতে অনুষ্ঠিতব্য ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বের সকল পরীক্ষার্থীর (নিয়মিত ও অনিয়মিত) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরীক্ষা চলাকালীন সময়ে অত্র ইনস্টিটিউট কেন্দ্রে নিম্ন বর্ণিত বিষয় সমূহ কঠোরভাবে অনুশ্রম করা হবে। অতএব, সকল পরীক্ষার্থীদের বর্ণিত বিষয় সমূহ যথাযথভাবে মেনে চলার জন্য বলা হলো।

### পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী:

- ০১। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।
- ০২। পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে অবস্থান কালীন সময়ে সার্বক্ষণিক মাস্ক পরিধানরত অবস্থায় থাকতে হবে।
- ০৩। কেন্দ্র কর্তৃক নির্ধারিত স্থান হতে যথাযথভাবে হাত ধোঁত করা এবং স্যানিটাইজ নিশ্চিত করতে হবে।
- ০৪। পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে একজন অন্যজন হতে অবশ্যই ৩ ফুট দূরত্ব বজায় রেখে চলাচল করতে হবে।
- ০৫। পরীক্ষার চলতি পর্বের মূল প্রবেশপত্র এবং মূল রেজিস্ট্রেশন কার্ড ব্যতীত পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।
- ০৬। প্রবেশপত্রে পরীক্ষার্থীর ছবি সংযোজিত থাকতে হবে, ছবি ও প্রবেশপত্র সংযুক্ত অবস্থায় প্রতিষ্ঠানের সীল ও স্বাক্ষর থাকতে হবে।
- ০৭। পরীক্ষা শুরু ৩০ মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ০৮। স্ব-স্ব প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরিধান পূর্বক (নিয়মিত ও অনিয়মিত উভয় পরীক্ষার্থীর ক্ষেত্রে) পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে।
- ০৯। পরীক্ষা কক্ষে নিজ-নিজ সরঞ্জাম (যেমন- ক্যালকুলেটর, জ্যামিতি বক্স, রুলার ইত্যাদি) সঙ্গে আনতে হবে। কোনোভাবেই অন্য পরীক্ষার্থীর সরঞ্জাম ব্যবহার করা বা তাকে নিজ সরঞ্জাম ব্যবহার করতে দেওয়া যাবে না।
- ১০। প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, ক্যালকুলেটর, জ্যামিতি বক্স, রুলার ইত্যাদি বহনের জন্য শুধুমাত্র স্বচ্ছ ফাইল বহন করা যাবে।
- ১১। পরীক্ষা কেন্দ্রের অভ্যন্তরে মোবাইল ফোন, ঘড়ি, পার্স, বই, খাতা, ব্যাগ, ইলেকট্রনিক্স যন্ত্রপাতি, প্রোগ্রামিং ক্যালকুলেটর, পরীক্ষার সাথে সংশ্লিষ্ট নয় এমন কোনো কিছু বহন করা যাবে না।
- ১২। কোনো প্রকার আপত্তিকর/অননুমোদিত কাগজপত্র সঙ্গে বহন করা যাবে না।
- ১৩। পরীক্ষার্থীকে প্রবেশপত্রের পিছনের পৃষ্ঠায় বোর্ড কর্তৃক প্রদত্ত পত্রীত পরীক্ষা সংশ্লিষ্ট সমন্বিত শৃঙ্খলাবিধি যথাযথভাবে মেনে চলতে হবে।

কাজী নেয়ামুল্লাহ শাহীন  
বি.সি.এস(কা: শি:)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ফোনঃ ০৪১-২৮৫০০৯২

স্মারক নং- ৩৭.০৩.৪৭৫১.২০০.০১.০৩৩.২১-

তারিখঃ ০৭ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো :

- ১। একাডেমিক ইনচার্জ, অত্র ইনস্টিটিউট।
- ২। সকল বিভাগীয় প্রধান, অত্র ইনস্টিটিউট।
- ৩। ও,সি নিরাপত্তা, অত্র ইনস্টিটিউট।
- ৪। আহবায়ক, ওয়েবসাইট পরিচালনা কমিটি (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ৫। নোটিশ বোর্ড, অত্র ইনস্টিটিউট।
- ৬। অফিস কপি।

কাজী নেয়ামুল্লাহ শাহীন  
বি.সি.এস(কা: শি:)  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
ফোনঃ ০৪১-২৮৫০০৯২